

স্মারক নং ৫১.০১.৭২০০.০১৫.৪১.০৮৬.২২-১০৪

তারিখ: ১৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ  
৩০ অক্টোবর ২০২২

বিষয় : ২০২২ - ২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় সংরক্ষিত মহিলা আসন এর অনুকূলে ১ম কিস্তির নগদ অর্থ (টাকা) উপ-বরাদ্দ প্রদান।

সূত্র : ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ০১.০৮.২০২২ তারিখের ৫১.০১.০০০০.০১১.১৪.০০৬.২২-২৭০ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় প্রত্যেক সংরক্ষিত মহিলা আসন এর অনুকূলে নগদ অর্থ (টাকা) ১ম কিস্তিতে ৩১৬৪৩৮০.২০ (একত্রিশ লক্ষ চৌষট্টি হাজার তিনশত আশি টাকা বিশ পয়সা) হারে বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত টাকা হতে সংরক্ষিত মহিলা আসন-৩১৭ এর বিভাজনকৃত নিম্নবর্ণিত নেত্রকোণা সদর ও পূর্বধলা উপজেলার মোট ২১৬৪৩০০.০০ (একুশ লক্ষ চৌষট্টি হাজার তিনশত) টাকার বিপরীতে ১০ টি প্রকল্পের নামের তালিকা পাওয়া গেছে। প্রাপ্ত প্রকল্প তালিকা ২৩-১০-২০২২ তারিখে অনুষ্ঠিত জেলা কর্ণধার কমিটির সভায় অনুমোদন দেওয়া হয়েছে। অনুমোদিত প্রকল্পগুলোর কাজ জরুরি ভিত্তিতে আরম্ভ করে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর-অনুকূলে নিম্নোক্ত শর্তে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ক্রম	নির্বাচনী এলাকা	নি: এ: ভিত্তিক বরাদ্দকৃত টাকার পরিমাণ	নি: এ: ভিত্তিক উপজেলার নাম	প্রকল্প সংখ্যা	উপজেলায় উপ-বরাদ্দকৃত টাকার পরিমাণ	ইউএনও এর পত্র নং ও তারিখ	সংযুক্ত প্রকল্প তালিকা
৩.	৩১৭ মহিলা আসন-১৭	৩১৬৪৩৮০.২০	নেত্রকোণা সদর	০৭ টি	১২,৬৪,৩৮০.০০ টাকা	৪৪৩ তাং- ১১.১০.২০২২	(এক) পাতা
৪.			পূর্বধলা	০৩ টি	৯,০০,০০০.০০ টাকা	৯০৭ তাং- ১০.১০.২০২২	(এক) পাতা
	মোট	৩১৬৪৩৮০.২০ টাকা		১০ টি	২১,৬৪,৩৮০.০০ টাকা		দুই পাতা

শর্তাবলি :


- এই ব্যয় বাজেট কোড নং-১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ খাত হতে ব্যয় নির্বাহ করতে হবে ;
- ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম কিস্তিতে বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ৩০/১১/২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে ;
- উপ-বরাদ্দকৃত টাকা স্থানীয় হিসাব রক্ষণ অফিস হতে উত্তোলন করতে হবে।;
- এই কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-খাদ্যশস্য/ নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে ;
- এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/ খাদ্যশস্য/ নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুষঙ্গ - ৩, ৪, ও ৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে ;
- প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা; প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মসূচির জরিপ কাজের সময় তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে ;
- নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেওয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা করতে হবে ;
- প্রকল্প সূচ্য বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট দৃশ্যমান করতে হবে ;
- বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে পিআইসি (P.I.C) গঠনসহ আনুষংগিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করতে হবে এবং অব্যয়িত টাকা সরকারী কোষাগার ফেরত প্রদান নিশ্চিত করতে হবে ;

১০. নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পাশে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করণ, প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন, অর্থ আদ্যসাৎ, অপচয়রোধকল্পে তদারকি জোরদার করতে হবে।
১১. গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত টাকা ছাড় করতে হবে;
১২. প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে ;
১৩. নিরীক্ষার জন্য যথাযথ হিসাব ও ভাউচার অত্র দপ্তরে সংরক্ষন করতে হবে ।

উপজেলা নির্বাহী অফিসার,  
নেত্রকোণা সদর/পূর্বধলা, জেলা- নেত্রকোণা।

স্মারক নং ৫১.০১.৭২০০.০১৫.৪১.০৮৬.২২- ৬০৪

- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো;
- ১। মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন ৩১৭, নেত্রকোণা।
  - ২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নেত্রকোণা।
  - ৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নেত্রকোণা সদর/পূর্বধলা, নেত্রকোণা।
  - ৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নেত্রকোণা সদর/পূর্বধলা, নেত্রকোণা।
  - ৫। অফিস কপি।



( অঞ্জনা খান মজলিশ )


জেলা প্রশাসক

নেত্রকোণা।

২৭/১০/২২

তারিখ: ২৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ

৩০ অক্টোবর ২০২২



জেলা প্রশাসক

নেত্রকোণা।

২৭/১০/২২